


নেও হে গুরু তোমার কাছে আমার

বলতে ভবে কেহ নাই রে ॥

---নগেন্দ্রনাথ কর



ভাবাগ বিলাপ

৫০ নং

তাল--একতাল

ভক্তি ডোরে বেঁধে তারে কাছে টেনে আন ।

যাঁরে দেখলে পরে জুড়ায় আঁখি, ও যার কথায়

জুড়ায় প্রাণ ॥

- ১। হরি হরি হরি বলে, ডাক রে মন দুই বাহু তুলে ।
যেমন ছেলে কাঁদে মা মা বলে, শুনে জুড়ায় মায়ের প্রাণ ॥
- ২। ভক্তি করে ডাকলে পরে, সে কি কখন রইতে পারে ।
একবার ডাক দেখি মন উঠে মৈত্রীরে, দিয়ে প্রেমডোরে টান ॥
- ৩। দুঃশাসনের অত্যাচারে, যেমন দ্রৌপদি ডাকিল তারে ।
হরি আপনি বসনরূপ ধরে, রাখে দ্রৌপদীর মান ॥



৫১ নং

তাল--একতাল

বলিব বলিয়ে, রাখিলে ফেলিয়া, হরি বলা আর হবে না ।

দেখ না ভেবে চিরদিন ত ভবে কারও এভাবে যাবে না ॥

- ১। বিপুল কুলমান, দেহের গুমান, সকল সমান রবে না
রোগ শোক অবিরাম, পরিপূর্ণ পরিণাম, রসনা
হরিনাম লবে না ॥